

পরীক্ষায় নকল করায় নোবিপ্রবির ৫ শিক্ষার্থী বহিষ্কার

নোবিপ্রবি
প্রতিনিধি

২৩
আগস্ট,
২০২৩
২১:০১

শেয়ার

অ +

অ -



পরীক্ষায় অসদুপায় অবলম্বনের কারণে নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) পাঁচ শিক্ষার্থীকে বিভিন্ন মেয়াদে বহিষ্কার করেছে বিশ্ববিদ্যালয় প্রশাসন। আজ বুধবার বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) অধ্যাপক ড. নেওয়াজ মোহাম্মদ বাহাদুর স্বাক্ষরিত এক অফিস আদেশে এ তথ্য জানানো হয়।

অফিস আদেশে বলা হয়েছে, গত ৯ আগস্টে অনুষ্ঠিত বিশ্ববিদ্যালয়ের শৃঙ্খলা বোর্ডের সভার সিদ্ধান্তক্রমে সম্প্রতি অনুষ্ঠিত বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন শিক্ষাবর্ষের টার্ম পরীক্ষায় অসদুপায় অবলম্বনের কারণে বিভিন্ন বিভাগের তিনজনকে ৬ মাসের জন্য এবং দুজনকে ১ বছরের জন্য বহিষ্কারসহ সংশ্লিষ্ট সেমিস্টারের পরীক্ষা বাতিল করা হয়েছে।

পরীক্ষা চলাকালীন উত্তরপত্র পরীক্ষার হল থেকে গোপনে সরিয়ে নিয়ে পরবর্তীতে ওই উত্তরপত্রে লিখে আনায় সমাজবিজ্ঞান বিভাগের ২০১৯-২০ শিক্ষাবর্ষের ছাত্র ফুয়াদ আল রাফিকে ৬ মাসের জন্য বহিষ্কার করা হয়েছে।

কোর্সের পরীক্ষা চলাকালীন অবৈধ কাগজপত্র সঙ্গে রাখা ও তা থেকে দেখে
লেখার অপরাধে এমআইএস বিভাগের ২০১৯-২০ বর্ষের ছাত্রী ইসরাত
জাহান এবং শিক্ষা বিভাগের ২০২১-২২ শিক্ষাবর্ষের ছাত্রী সুবর্ণা
ফেরদৌসকে ৬ মাসের জন্য বহিষ্কার করা হয়েছে।

এ ছাড়া কোর্সের পরীক্ষা চলাকালীন সময়ে মোবাইল ফোন সঙ্গে রাখা ও
তা থেকে দেখে লেখার অপরাধে আইএসএলএম বিভাগের ২০২০-২১
শিক্ষাবর্ষের ছাত্রী সাবরিনা সুলতানা এবং সিএসটিই বিভাগের ২০২১-২২
শিক্ষাবর্ষের ছাত্রী স্বর্ণা সাহাকে ১ বছরের জন্য বহিষ্কার করেছে বিশ্ববিদ্যালয়
প্রশাসন।